



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৫৮/২০২৩-২০২৪/ ৩১৬

তারিখঃ ৩০/০৪/২০২৪ ইং

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক জারিকৃত পত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(০৪)কৃষি/২০২৩-২০২৪/৮৭, তারিখঃ ১৭/০৭/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশে কৃষির উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জিডিপি'র প্রবৃদ্ধি অর্জন এবং বৈশ্বিক কারণে সৃষ্ট মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করনের উদ্দেশ্যে কৃষি খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহের গুরুত্ব বিবেচনায় নিয়ে অত্র ব্যাংক চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে ১১,০০০.০০ কোটি টাকা কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনপূর্বক কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি পল্লী অঞ্চলে গ্রামীণ অর্থায়নের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচনে অগ্রণী ভূমিকা পালন করবে। মাঠ কার্যালয়সমূহ কর্তৃক প্রেরিত ২৮/০৩/২০২৪ ইং তারিখ ভিত্তিক ৩৯ তম সপ্তাহ পর্যন্ত সাপ্তাহিক প্রতিবেদন মোতাবেক বিভাগওয়ানী নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে কৃষি ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়	লক্ষ্যমাত্রা	২৮/০৩/২০২৪ ইং তারিখ ভিত্তিক ৩৯তম সপ্তাহ পর্যন্ত অর্জনের পরিমাণ	অর্জনের হার	৩৯তম সপ্তাহ পর্যন্ত আনুপাতিক লক্ষ্যমাত্রা	অর্জন(কম/বেশি)
১	ঢাকা	১৫০১	৯৫৮.৩৯	৬৪%	১১২৫.৭৫	-১৬৭.৩৬
২	ময়মনসিংহ	১০৯৯	৭৪৭.৪১	৬৮%	৮২৪.২৫	-৭৬.৮৪
৩	চট্টগ্রাম	১০৯৪	৬০০.৬৪	৫৫%	৮২০.৫০	-২১৯.৮৬
৪	খুলনা	১৬৫৯	৮৬৭.১৭	৫২%	১২৪৪.২৫	-৩৭৭.০৮
৫	বরিশাল	১২৯৬	৭৯৫.২০	৬১%	৯৭২.০০	-১৭৬.৮০
৬	সিলেট	৭১২	৪৬৪.১৫	৬৫%	৫৩৪.০০	-৬৯.৮৫
৭	কুমিল্লা	১০৯০	৬১৩.০০	৫৬%	৮১৭.৫০	-২০৪.৫০
৮	ফরিদপুর	১১৪০	৫৮৬.১৩	৫১%	৮৫৫.০০	-২৬৮.৮৭
৯	কুষ্টিয়া	১২৮৯	৭১৫.৮৪	৫৬%	৯৬৬.৭৫	-২৫০.৯১
১০	এলপিও	১২০	১৫৮.২৩	১৩২%	৯০.০০	৬৮.২৩
	মোট	১১০০০	৬৫০৬.১৬	৫৯%	৮২৫০.০০	-১৭৪৩.৮৪

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের নির্ধারিত ১১০০০.০০ কোটি টাকা কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৯ তম সপ্তাহ পর্যন্ত অর্জন হয়েছে ৬৫০৬.১৬ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ৫৯%। প্রকৃতপক্ষে, ৩৯ তম সপ্তাহ পর্যন্ত কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা ছিল ৮২৫০ কোটি টাকা, যা মোট লক্ষ্যমাত্রার ৭৫%। ইতোমধ্যে ৩৯ তম সপ্তাহ অতিক্রান্ত হলেও সংশ্লিষ্ট খাতে এলপিও ব্যতীত কোন বিভাগে কৃষি ঋণ বিতরণের কাজিহিত আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। উল্লেখ্য চলতি অর্থ বছরের আর মাত্র ১৩ টি সপ্তাহ রয়েছে।

০৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরে কৃষি ঋণ বিতরণের নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপক এবং অঞ্চল প্রধানগণকে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ মাঠ কার্যালয়কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
(মোহাম্মদ হাঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

ই-মেইলঃ dgmpdp@krishibank.org.bd

চলমান পাতা-০২


বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৫৮/২০২৩-২০২৪/১৮৮

তারিখঃ ৩০/০৪/২০২৪ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। নথি/মহানথি।


(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক